



ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ

নবম ও দশম শ্রেণির নূতন পাঠ্যক্রম সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ-এর আওতাধীন সকল মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান, নবম ও দশম শ্রেণির ছাত্রছাত্রীদের পাঠদানকারী শিক্ষকশিক্ষিকা, নবম শ্রেণিতে পাঠরত ছাত্রছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো হচ্ছে যে, নূতন সিলেবাসের নবম ও দশম শ্রেণির পাঠ্যবিষয়গুলির পরীক্ষার 'নম্বর-বিভাজন (Marks Distribution)' এবং নূতন সিলেবাসের মাধ্যমিক পরীক্ষার নম্বর-বিভাজন ও মূল্যায়ন পদ্ধতির কিছুটা পরিবর্তন করা হয়েছে। নূতন ব্যবস্থায় 'প্রথম ভাষা', 'দ্বিতীয় ভাষা (ইংরেজি)', 'গণিত' এবং 'সমাজবিদ্যা' বিষয়ে ৯০(নব্বই)নম্বরের পরিবর্তে ৮০(আশি) নম্বরের লিখিত পরীক্ষা হবে। এই সব বিষয়ে 'আন্তঃশ্রেণী মূল্যায়ন ও প্রকল্প (Internal Assessment and Project)'-এর জন্য ১০(দশ)নম্বরের পরিবর্তে ২০(কুড়ি) নম্বর ধার্য করা হয়েছে। 'বিজ্ঞান' বিষয়ে কোনও পরিবর্তন হয়নি।

যে সকল নিয়মিত ছাত্রছাত্রী ২০১৮ খ্রিস্টাব্দে নূতন সিলেবাসে প্রথম মাধ্যমিক পরীক্ষা দেবে তাদের সময় থেকে এই নূতন মূল্যায়ন পদ্ধতি কার্যকরী হবে।

পর্ষদ-এর ওয়েবসাইট (www.tbse.in)-এ নবম শ্রেণির প্রতিটি বিষয়ের সিলেবাসের সংশোধিত নম্বর-বিভাজন(Marks Distribution)এবং দশম শ্রেণির সম্পূর্ণ সিলেবাস('প্রথম ভাষা'ও'দ্বিতীয় ভাষা' বাদে)দেওয়া হয়েছে।

আগরতলা,
২৬-০৩-২০ ১৬

স্বাক্ষর : (ড. স্বপন কুমার পোদ্দার)
সচিব, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ